

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
তাড়াইল,কিশোরগঞ্জ

স্মারক নং ৩৩.০১.৪৮৯২.০০০.০০.০০০.১৯.৩৯২ (৩৮)


তারিখ : ২৭/১০/২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি :-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নে একজন করে ভলান্টিয়ার ভ্যাক্সিনেটর নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, ২ কপি ছবি(পাসপোর্ট সাইজ) প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ২২/১০/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণ (৩দিন ব্যাপী ও অন্য একটি বছরে ১ দিন ব্যাপী রিফ্রেশার) দেওয়া হবে এবং প্রকল্প চলাকালীন সময়ে প্রতিটি গবাদিপশুর জন্য প্রতি ডোজ ভ্যাক্সিন প্রদান বাবদ ৫(পাঁচ) টাকা করে সম্মানি প্রদান করা হবে।

ভলান্টিয়ার ভ্যাক্সিনেটর নিয়োগের শর্তাবলি :-

১. সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর বয়স ২৫-৪০ বছরের মধ্যে হতে হবে।
৩. শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি পাস হতে হবে।
৪. চাকুরীরত কোন প্রার্থীকে নিয়োগ দেওয়া যাবে না।
৫. প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিষয়ে ৩ মাস ব্যাপী প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।



(মোহাম্মদ ফরহাদ হোসেন)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
তাড়াইল,কিশোরগঞ্জ

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো :-

- ১/ উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ।
- ২/ উপজেলা কৃষি অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ।
- ৩/ উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ।

➤ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান.....। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি :-

১. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
২. নোটিশ বোর্ড।
৩. অফিস কপি।